بسم اللہ الرحمٰن الرحیم

In the name of Allah, Most Gracious, Ever Merciful

প্রেস বিজ্ঞপ্তি

রবিবার, ১৭ জানুয়ারি, ২০১৬

Press Desk

Ahmadiyya Muslim Jamaat
INTERNATIONAL

জামেয়া আহমদিয়া যুক্তরাজ্য ও কানাডার সমাবর্তন যৌথভাবে অনুষ্ঠিত

আহমদীয়া মুসলিম জামাতের নেতার প্রধানের নিকট থেকে ২৫ জনের শাহেদ ডিগ্রী লাভ

উত্তীর্ণদের ১৭ জন যুক্তরাজ্য থেকে এবং ৮ জন কানাডা থেকে

Class of 2015 Graduates (Shahideen) of Jamia Ahmadiyya UK

আহমদীয়া মুসলিম জামা'ত আনন্দের সাথে ঘোষণা করছে যে ১৬ জানুয়ারী ২০১৬ জামেয়া আহমদীয়া যুক্তরাজ্যের ৪র্থ সমাবর্তন অনুষ্ঠান এবং জামেয়া আহমদীয়া কানাডার ৬ষ্ঠ সমাবর্তন অনুষ্ঠান হেযলমিয়ার, সারে-তে অবস্থিত যুক্তরাজ্যের জামেয়া প্রাঙ্গণে যৌথভাবে অনুষ্ঠিত হয়।

আহমদীয়া মুসলিম জামাতের বিশ্ব নেতা, পঞ্চম খলীফা, হযরত মির্যা মসরূর আহমদ (আই.) অনুষ্ঠানে সভাপতিত্ব করেন এবং মূল বক্তৃতা প্রদান করেন।

Class of 2015 Graduates (Shahideen) of Jamia Ahmadiyya Canada

Registered Address: 22 Deer Park Road, London, SW19 3TL UK
Tel/Fax: 020 8544 7613 Mob: 077954 90682 Email: press@ahmadiyya.org.uk

অনুষ্ঠান চলাকালীন, জামেয়া আহমদীয়া যুক্তরাজ্যের ১৭ জন স্নাতকদের এবং জামেয়া আহমদীয়া কানাডা থেকে আগত ৮জন স্নাতকদের হযরত মির্যা মসরুর আহমদ (আই.) তাদের 'শাহেদ ডিগ্রি' সার্টিফিকেট প্রদান করেন এবং এর মাধ্যমে আনুষ্ঠানিকভাবে আহমদীয়া মুসলিম জামাতের ধর্মপ্রচারক ও ইমাম হিসেবে তাদের নিযুক্ত করা হয়।

উক্ত অনুষ্ঠানে হযরত মির্যা মসরূর আহমদ (আই.) একটি ঈমান উদ্দীপক ভাষণ প্রদান করেন। তিনি (আই.) বলেন, তরুণ ধর্মপ্রচারকগণ ছাত্র থেকে এখন আহমদীয়া মুসলিম জামাতের প্রতিনিধির দায়িত্ব পাওয়ার ফলে তাদের জীবনে একটি নতুন অধ্যায়ের সূচনা হচ্ছে।



হযরত মির্যা মসরূর আহমদ(আই.) বলেন :

“মনে রাখবেন সর্বদা আপনার উদ্দেশ্য হবে সর্বশক্তিমান খোদার সাথে মানবজাতির সম্পর্ক স্থাপনে এবং একে অপরের প্রতি নিজেদের দায়িত্ব ও কর্তব্য সঠিক ভাবে পালন করাতে সকলকে পথপ্রদর্শন করা। যদি আমাদের ধর্মপ্রচারকগণ নিজের কাজ কত বড় তা নিয়ে চিন্তা করেন, তবে সন্দেহ নাই যে, তারা যতই নিজ দায়িত্বের ভার অনুধাবন করবেন ততই তাদের হৃদয়ের গভীর পর্যন্ত প্রকম্পিত হয়ে উঠবে।”

সম্মানিত হুযূর (আই.) হযরত ইব্রাহীম (আ.) কথা উল্লেখ করেন, যাঁর মহান আল্লাহর উপর পরিপূর্ণ বিশ্বাস ও নিবেদিতপ্রাণ অবস্থার কথা পবিত্র কুর'আনে উল্লিখিত রয়েছে।

সম্মানিত হুযূর (আই.) বলেন যে, আহমদী ধর্মপ্রচারকদের এই উদাহরণ অনুসরণ করতে হবে এবং সর্বদা সর্বশক্তিমান খোদার প্রতি বিশ্বস্ত থাকতে হবে।

হযরত মির্যা মসরূর আহমদ (আই.) বলেন আহমদীয়া মুসলিম জামাতের প্রতিষ্ঠাতা আমাদের শিক্ষা দিয়েছেন যে খোদার প্রতি সত্য বিশ্বাস হল এক প্রকার 'মৃত্যু'-র দাবি করে। এর ব্যাখ্যায় সম্মানিত হুযূর বলেন যে, একজন ব্যক্তির সমস্ত পার্থিব আনন্দ, ব্যক্তিগত কামনা-বাসনা ত্যাগ করা এবং পরাক্রমশালী আল্লাহর অনুরোধে সব পরীক্ষা ও দুঃখ-কষ্ট সহ্য করার জন্য প্রস্তুত থাকতে হবে।

হযরত মির্যা মসরূর আহমদ (আই.) বলেন:

"অকৃত্রিম বিশ্বাস ও সত্য নিষ্ঠার দাবি এই যে, স্বেচ্ছায় একজন ব্যক্তি যেন তার ব্যক্তিগত অহমিকার উপর এক মৃত্যু নিয়ে আসে। নিশ্চিতভাবে আহমদীয়া মুসলিম জামাতের প্রত্যেক ধর্মপ্রচারককে এ মানদণ্ডে উপনীত হতে হবে এবং নিজ বিশ্বাসের জন্য নিজের সম্মান বিসর্জনে সদা প্রস্তুত থাকতে হবে। তাদের সকল প্রকার কষ্ট সহ্য করার জন্য প্রস্তুত থাকতে হবে, কেননা কেবল তখনই তাঁদের অবস্থান এমন হবে যে, তাঁরা অন্যের পথ প্রদর্শন ও সংশোধন করতে পারবেন। কেবল তখনই তাঁরা অন্যের নিকট সত্যের প্রচারের জন্য প্রস্তুত হবেন।"

Press Desk
Ahmadiyya Muslim Jamaat
INTERNATIONAL

সম্মানিত হুযূর বলেন যে, আহমদী ধর্মপ্রচারকদের বিনয় ও আত্মত্যাগের এক দৃষ্টান্ত স্থাপন করা উচিত। তিনি একজন পুরনো আহমদী মুসলিম ধর্মপ্রচারকের উদাহরণ দেন যিনি আফ্রিকাতে দায়িত্ব পালন করেন এবং যিনি কোন অভিযোগ ছাড়া বাসি রুটি পানিতে ভিজিয়ে খেয়ে জীবনধারণ করেছেন। তাঁর একমাত্র লক্ষ্য ছিল একজন ধর্মপ্রচারক হিসেবে তার দায়িত্ব পালন করা ।

আহমদীয়া মুসলিম জামাতের নেতা প্রতিদিন পবিত্র কুরআন অধ্যয়ন ও তার অর্থ নিয়ে গভীরভাবে চিন্তা করতে স্নাতকদের পরামর্শ দেন। তিনি (আই.) বলেন এটি তাদের জীবনের সকল কাজে একটি "গাইড বই" হিসেবে কাজ করবে এবং তাদের দায়িত্ব পালন করতে সাহায্য করবে।

হুযুর (আই.) হযরত মসীহ্ মাও'উদ (আ.) এর বই অধ্যয়ন করার উপর গুরুত্ব আরোপ করেন, কেননা তা একজন ব্যক্তির সঠিক ইসলামের জ্ঞান ও মহানবী হযরত মুহাম্মদ (সা.)-এর জন্য তাঁদের প্রেম বৃদ্ধি করার একটি উপায়।

জামেয়া আহমদীয়া যুক্তরাজ্য ও জামেয়া আহমদিয়া কানাডার কয়েক ডজন স্নাতক এখন আহমদীয়া মুসলিম সম্প্রদায়ের বিভিন্ন দায়িত্বে কর্মরত আছেন এবং তাঁরা ভাল কাজ করছেন।

হযরত মির্যা মসরূর আহমদ (আই.) বলেন :

"আল্লাহর অশেষ রহমতে, গত কয়েক বছরের মধ্যে যে সকল তরুণ ধর্মপ্রচারক জামেয়া আহমদীয়া যুক্তরাজ্য ও কানাডা থেকে উত্তীর্ণ হয়েছেন তারা আমার জন্য প্রশান্তির উৎস হয়েছেন এবং আমার সাহায্যকারী হিসেবে কাজ করছেন। তাদের এভাবে কাজ করতে দেখে আমি খুশি হই আর আমি আশা করি এবং প্রার্থনা করি যে, এবারের উত্তীর্ণ ব্যাচ এবং এরপর ভবিষ্যতে উত্তীর্ণ সকল ব্যাচ যেন তাদের পূর্বসুরীদের প্রতিষ্ঠিত মানকে উন্নীত করতে থাকেন।"

সম্মানিত হুযূর ধর্ম প্রচারকগণকে আহমদীয়া মুসলিম জামা'তের কর্মকাণ্ড ও অনুষ্ঠানাদিতে তরুণদের সম্পৃক্ত করার গুরুত্বের উপর জোর তাগিদ প্রদান করেন।

তিনি বলেন যে, আহমদী মুসলমান তরুণদের সঙ্গে শক্তিশালী বন্ধন তৈরি করা, তাদের শিক্ষিত করে তোলা এবং তারা সম্প্রদায়ের একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ অংশ এ বিষয়ে তরুণদের বুঝানো ধর্মপ্রচারকদের দায়িত্ব।

সম্মানিত হুযূর বলেন যে, কোন ধর্মপ্রচারক যেখানেই থাকুন তিনি খিলাফতের প্রতিনিধি আর তাই তাদের উপর অর্পিত দায়িত্বে গভীরতা উপলব্ধি করা প্রয়োজন। তিনি বলেন প্রতিটি ব্যাচই তাদের পূর্ববর্তী ব্যাচ অপেক্ষা অধিক চ্যালেঞ্জের মুখোমুখি হবেন, কেননা বিশ্ব সর্বশক্তিমান খোদার নিকট থেকে দিন দিন আরও দূরে সরে যাচ্ছে।

ভাষণের শেষ অংশে হযরত মির্যা মসরূর আহমদ (আই.) বলেন:

"আমি আশা করছি আহমদীয়া মুসলিম জামা'ত ও এর প্রতিষ্ঠাতা প্রতিশ্রুত মসীহ্ (আ) এর মর্যাদার জন্য হানিকর হবে এমন কোন কিছুই আপনারা করবেন না। বরং, আপনারা সকলে আপনাদের কর্ম এবং ধর্মপ্রাণ আচরণের মাধ্যমে আমাদের সম্প্রদায়ের নাম আলোকিত করুন। আল্লাহ্ আপনার সব নেক চেষ্টা সফল করুন এবং সর্বশক্তিমান খোদার সহিত আরও ঘনিষ্ঠ সম্পর্ক স্থাপনের তৌফিক দান করুন।"